



“সমুদ্রে অনুসন্ধান, দেশের কল্যাণ”

“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট
কক্সবাজার-৪৭৩০।

Website: www.bori.gov.bd, E-mail: info@bori.gov.bd, Phone: +88-0341152540

স্মারক নং- ৩৯.০৮.০০০০.০০৯.২২.০০১.২১-৪৩৪

তারিখঃ ২৩/০৬/২০২১খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের বিজ্ঞানীদের গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে কার্যক্রম পরিচালনা নীতিমালা, ২০২১

সমুদ্র সম্পদ ব্যবহার করে মৎস, খনিজ সম্পদ, রাসায়নিক ও সমুদ্র শক্তির ব্যবহার, পরিবেশ এবং শিল্প ক্ষেত্রের উন্নয়নে বৈপ্লবিক পরিবর্তন আনার মাধ্যমে সমুদ্র গবেষণা মানুষের জীবনমান উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করতে পারে। অত্যন্ত কার্যকরী ও সম্ভাবনাময় ক্ষেত্রে হিসাবে বাংলাদেশে ওশানোগ্রাফি বিষয়ে জ্ঞান বিজ্ঞানের প্রসারে বিভিন্ন কার্যক্রম ইতোমধ্যে গৃহীত হয়েছে। দেশে সমুদ্রবিদ্যা সংক্রান্ত গবেষণা জোরদারকরণ ও বিশেষায়িত জনবল তৈরীর লক্ষ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ওশানোগ্রাফি বিভাগ চালু করা হয়েছে। আমাদের দেশে সুনীল অর্থনীতির উন্নয়ন ও এর প্রয়োগের উপযুক্ত গবেষণা সুবিধা ও দক্ষ জনবল অন্যতম প্রধান বাধা। এছাড়া সমুদ্র বিষয়ক গবেষণা অনেক ক্ষেত্রেই বেশ ব্যয়বহুল। এজন্য বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের আধুনিক ভৌত ও অবকাঠামোগত গবেষণার সুযোগসুবিধা এবং দক্ষ বিজ্ঞানীদের কাজে লাগিয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানের M.Sc এবং M.S পর্যায়ের শিক্ষার্থীদেরকে বিওআরআই-এর গবেষণাগার/বিভাগ/সেন্টারে গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের বিজ্ঞানীদের গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে কার্যক্রম পরিচালনা করার জন্য জন্য একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন।

১। সংক্ষিপ্ত শিরোনাম

- (ক) এই নীতিমালা বিওআরআই-এর বিজ্ঞানীদের গবেষণা হিসেবে তত্ত্বাবধান নীতিমালা-২০২১ নামে অভিহিত হবে।
(খ) এই নীতিমালা বিওআরআই-এর পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত হওয়ার পর কার্যকর হবে।

২। সংজ্ঞাঃ এই নীতিমালায় যা বুঝায় –

- (ক) মহাপরিচালক বলতে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের মহাপরিচালক।
(খ) ইনস্টিটিউট/বিওআরআই বলতে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট।
(গ) গবেষণাগার বলতে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের গবেষণাগার।
(ঘ) বিজ্ঞানী বলতে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের গবেষণা উইংয়ে বিদ্যমান বিভাগ/সেন্টারে কর্মরত সিএসও/পিএসও/এসএসও/এসও/ইঞ্জিনিয়ার বুঝায়।
(ঙ) গবেষণা তত্ত্বাবধায়ক (Research Supervisor) বলতে প্রধান তত্ত্বাবধায়ক (Principal Supervisor)/ সহ তত্ত্বাবধায়ক (Co-Supervisor)/ যুগ্ম তত্ত্বাবধায়ক (Joint Supervisor) বুঝায়।


৩। গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে তত্ত্বাবধান নীতিমালাঃ

- ৩.১। সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন বিজ্ঞানীগণ M.Sc/M.S গবেষণার তত্ত্বাবধায়ক হতে পারবেন।
৩.২। একজন বিজ্ঞানী প্রতিবছর সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন শিক্ষার্থীর গবেষণা তত্ত্বাবধান করতে পারবেন।
৩.৩। বিজ্ঞানীগণ তাঁদের বিভাগে চলমান R&D গবেষণা প্রকল্পে শিক্ষার্থীদের গবেষণা করার জন্য উৎসাহিত করবেন। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তত্ত্বাবধায়কগণ R&D বহির্ভূত থিসিস তত্ত্বাবধান করতে পারবেন তবে বিষয়টি অবশ্যই বিওআরআই এর লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং তত্ত্বাবধায়কের গবেষণা সংশ্লিষ্ট হতে হবে।

৪। বিওআরআই এর বিজ্ঞানীদের অধীনে গবেষণা করার জন্য আবেদনের শর্তসমূহঃ

- ৪.১। ইনস্টিটিউটের গবেষণা বিভাগসমূহে গবেষণার জন্য কর্মরত বিজ্ঞানীগণকে গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল/বিভাগীয় প্রধান কর্তৃক স্বীকৃত হতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান বিওআরআই এর মহাপরিচালক বরাবর আবেদন করবেন।

- ৪.২। আবেদনসমূহ বিওআরআই এর সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হবে এবং সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক এ সংক্রান্ত একটি ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে আবেদন যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট বিজ্ঞানীগণের নিকট প্রেরণ করা হবে।
- ৪.৩। সংশ্লিষ্ট বিভাগের দপ্তরে গবেষণা ইচ্ছুক শিক্ষার্থীগণ তাঁদের জীবনবৃত্তান্ত (Bio-data), গবেষণার সার-সংক্ষেপ (Synopsis) এবং ছবি প্রদান করবেন এবং বিভাগীয় প্রধানগণ গবেষণায় ইচ্ছুক শিক্ষার্থীগণকে গবেষণা করার একটি অনুমতিপত্র প্রদান করবেন।
- ৪.৪। ছাত্র-ছাত্রী অথবা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক প্রস্তাবিত গবেষণা প্রকল্পে শিক্ষার্থী/শিক্ষকগণ সকল Publications এ Principal Author/ Corresponding Author হবেন এবং বিওআরআই-এর কোন গবেষণা প্রকল্পে যদি ছাত্র-ছাত্রীরা গবেষণা করে থাকে, তবে সে ক্ষেত্রে Publications সমূহে বিওআরআই এর বিজ্ঞানীগণ Principal Author/ Corresponding Author হবেন।
- ৪.৫। গবেষণা কাজ সম্পন্ন করার সময় নির্ধারিত থাকবে এবং বিশেষ বিবেচনায় আবেদনের পরিপ্রেক্ষিতে যৌক্তিক কারণে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময় বর্ধিত করা যেতে পারে।
- ৪.৬। গবেষণাগারে গবেষণা কাজে বিওআরআই এর গবেষণা তত্ত্বাবধায়ককে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান সার্বিক সহায়তা প্রদান নিশ্চিত করবেন।
- ৪.৭। বিভাগীয় প্রধানগণ অবশ্যই বিওআরআই এর আর্থিক সংশ্লেষ না থাকার বিষয়টি নিশ্চিতকরত: অনুমতিপত্র প্রদান করবেন।
- ৪.৮। থিসিস/গবেষণা রিপোর্ট সংরক্ষণের জন্য বিওআরআই লাইব্রেরিতে অন্তত: একটি কপি জমা প্রদান করতে হবে।

 ২৩/০৩/২০২১

(সাদ্দ মাহমুদ বেলাল হায়দর)

মহাপরিচালক

বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়